তারিখ ৭।১১।৮১
পৃষ্ঠা ... কলাম ...

CCG



# ডঃ রশীদের ইন্তেকাল

(ইত্তেফাক রিপোর্ট)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর প্রেসিডেন্টের প্রাক্তন উপদেষ্টা এবং কমনওয়েলথ ফাউণ্ডেশনের সভাপতি ডঃ এম,এ রশীদ গতকাল (শুক্রবার) অপরাহ্নে পি.জি হাসপাতালে ইন্তেকাল করিয়াছেন। (ইন্নালিল্লাহে ... রাজেউন)।

মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৬৩ বৎসর। ডঃ রশীদ গত ২৮শে অক্টোবর বগুড়ায় এক সড়ক দুর্ঘটনায় গুরুতররূপে আহত হন। হাসপাতালে ভর্তির পর হইতে মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সংজ্ঞাহীন ছিলেন। ডঃ রশীদ মৃত্যুকালে স্ত্রী, ৪ পুত্র ও এক কন্যা রাখিয়া গিয়াছেন।

ডঃ রশীদ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তিনি সিলেটের চুনারুঘাট থানার ঘোগাডুবি গ্রামে ১৯১৯ সনে জন্মগ্রহণ করেন। তিনি তদানীন্তন পূর্ব পাকিস্তান পাবলিক সার্ভিস কমিশনেরও চেয়ারম্যান ছিলেন।

## অস্থায়ী প্রেসিডেন্টের শোক

অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার ডঃ রশীদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করিয়াছেন।